

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়

অর্থ পরিদপ্তর

পানি ভবন (লেভেল-০৮), ৭২, গ্রীণরোড, ঢাকা

ফোনঃ ০২২২২২৩০০৩৩, ০২২২২২৩০০৩৫

Email: bwdbfac@gmail.com

Web : www.bwdb.gov.bd



Office of the Director

Directorate of Finance

Pani Bhaban (Level-08), 72, Green Road, Dhaka.

Phone: 02222230033, 02222230035

Email: bwdbfac@gmail.com

Web : www.bwdb.gov.bd

স্মারক নং- পাউবো(অর্থ)/প্রঃশাখা/ ১২৮৩


তারিখ: মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
১০ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

## সার্কুলার

প্রায়ই লক্ষ্য করা যাচ্ছে যে, বাপাউবো'র বাস্তবায়িত/বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প দপ্তর কর্তৃক প্রকল্পের বিল পরিশোধের বিপরীতে কর্তনকৃত নিরাপত্তা জামানতের তহবিল বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকে মেয়াদী আমানত খাতে বিনিয়োগ করে অর্জিত সুদ সরাসরি অর্থ পরিদপ্তর কর্তৃক পরিচালিত বোর্ডের কেন্দ্রীয় রাজস্ব তহবিল সংক্রান্ত ব্যাংক হিসাবে সরাসরি জমা দেয়ার ফলে অর্জিত সুদের হিসাব সংশ্লিষ্ট র‍্যাক দপ্তর তথা হিসাবরক্ষণ পরিদপ্তরে হিসাবভুক্ত হচ্ছে না। যার কারণে বোর্ডের হিসাবকৃত রাজস্ব আয়ের সাথে ব্যাংক স্থিতির তারতম্য হচ্ছে।

এমতাবস্থায়, উন্নয়ন প্রকল্প দপ্তরসহ বোর্ডের অন্যান্য সকল দপ্তরের ব্যাংক সুদসহ অন্য যে কোন উৎস হতে প্রাপ্ত বোর্ডের সমুদয় আয় সংশ্লিষ্ট র‍্যাক দপ্তরের মাধ্যমে বোর্ডের কেন্দ্রীয় রাজস্ব তহবিলের ব্যাংক হিসাবে জমাকরণ নিশ্চিত করার জন্য প্রকল্প দপ্তরসহ বোর্ডের সকল দপ্তরসমূহকে নির্দেশ দেয়া হলো।

বোর্ডের মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনপূর্বক উক্ত সার্কুলার জারী করা হলো।

  
(বি.এম. মোশাররফ হোসেন)  
পরিচালক (অহিনি)  
অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো(অর্থ)/প্রঃশাখা/

তারিখ: মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

## অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো
- ৩। প্রকল্প পরিচালক (সকল), বাপাউবো।
- ৪। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৭। উপ-পরিচালক/সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

  
২০/০১/২০২৬  
মোঃ আব্দুল্লাহ আল মামুন  
উপ-পরিচালক (অহিনি)  
আইডি নং- ৭৯০২২৩০০১  
অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।